গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ

## শাল্লা উপজেলা পরিষদের এপ্রিল-২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি: চৌধুরী আব্দুল্লাহ আল মাহমুদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা

সভার স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভার সময়: সকাল ১১.০০ ঘটিকা

সভার তারিখ: ৩০/০৫/২০২২ খ্রি:

সভায় উপস্থিতি: পরিশিষ্ট-"ক"

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন | সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন থাকলে তা উপস্থাপনের জন্য সভার দৃষ্টি আকর্ষন করা হয়।<br><br>সিদ্ধান্ত: কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| | উপজেলা পরিষদের স্থায়ী কমিটি গুলো সক্রিয় নয় মর্মে উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভাপতি গভীর ক্ষোভ প্রকাশ করেন।<br><br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের স্থায়ী কমিটিগুলোর সভা নিয়মিত সম্পন্ন করে সভার নোটিশ ও সভার হাজিরাসহ কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সভাপতি/সদস্য সচিব সংশ্লিষ্ট কমিটি |
| | স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জানান যে, হাসপাতালে পরিষ্কার পরিচ্ছন্নতা আগের তুলনায় এখন অনেক ভালো। হাসপাতালে ডায়েট (খাবার) প্রতিদিন চেক করার পরে সরবরাহ করা হয়। হাসপাতালে সোলার লাইটগুলো মেরামত করা হয়। ভিটামিন এ ক্যাম্পেইন (১২-১৫জুন) চলবে এ ব্যাপারে সভায় অবহিত করা হয়। হাসপাতালে ভর্তিকৃত সকল বীরমুক্তিযোদ্ধাদের চিকিৎসা সহায়তার ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত: ভিটামিন এ ক্যাম্পেইন এর ব্যাপারে সভায় সকলের সহযোগীতা কামনা করেন। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ বিভাগ, শাল্লা |
| | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে তাদের বিভাগীয় কার্যক্রম ভালোভাবেই চলছে।<br><br>সিদ্ধান্ত: তাদের বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাল্লা |
| | উপজেলা প্রকৌশলী: উপ-সহকারী প্রকৌশলী জানান যে, তার বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরো জানান যে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) আওতায় অতিবৃষ্টি, আগাম বন্যাসহ বিভিন্ন কারনে কিছু প্যাকেজের কাজ জুন/২২ এর মধ্যে বাস্তবায়ন করা সম্ভবপর নয়। দরপত্রের প্যাকেজগুলো নিম্নরুপঃ<br>১) বাহাড়া বড় হাটি রাস্তা সিসি করণের<br>২) বাহাড়া বাজার হাটি রাস্তা সিসি করন<br>৩) সাউধেরশ্রী বরহাটির দক্ষিন মাথায় ১টি কালভার্ট নির্মান<br>৪) কাদিরপুর দ: মাথায় রামেশ্বর দাসের বাড়ির সামনে ১টি ঘাটলা নির্মান কাজ<br>৫) শ্রীহাইল বাগের হাটির দ: মাথায় ১টি ঘাটলা নির্মান কাজ<br>৬) সরমা গ্রামের পুরান পাড়ায় উত্তর দিকে ১টি ঘাটলা নির্মান কাজ<br>৭) দামপুর দাখিল মাদ্রাসায় ঘাটলা নির্মান কাজ<br>৮) বড়গাঁও উজান ইয়ারাবাদ কবরস্থানে ১টি ঘাটলা | উপজেলা প্রকৌশলী, এল জি ই ডি, শাল্লা |

| | | |
|---|---|---|
| | উপরোল্লেখিত কাজগুলো বাস্তবায়ন করা সম্ভব নয় বিধায় যথাক্রমে নিম্নে উল্লেখিত জনগুরুত্বপূর্ন কাজগুলো বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়<br>১) আঙ্গারোয়া গ্রামে রাস্তা সিসি করণ কাজ<br>২) আনন্দপুর গ্রামে মসজিদ হতে গোপীনাথ আখড়া পর্যন্ত রাস্তা সিসি করণ কাজ<br>৩) ঘুঙ্গিয়ারগাঁও বাজারে সাবমার্জিবল পাম্প স্থাপন কাজ<br>৪) ঘুঙ্গিয়ারগাঁও মডেল স: প্রা: বিদ্যালয়ে Make Shift স্থাপন কাজ<br>৫) শ্রীহাইল স: প্রাথমিক বিদ্যালয়ে Make Shift স্থাপন কাজ<br>৬) ঘুঙ্গিয়ারগাঁও বাজারের নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা স্থাপন কাজ<br>৭) ঘুঙ্গিয়ারগাঁও বাজারে প: পাশে রাস্তা উন্নয়ন কাজ<br>৮) পুটকা বড় হাটির পূর্বদিকের খালে ১টি কালভার্ট নির্মান কাজ<br>৯) শাল্লা উপজেলার ০৪ টি ইউনিয়নে বিভিন্ন গ্রামে রিংস্লাব বিতরণ কাজ<br>উপজেলা বাসাবাড়ি ও প্রশাসনিক ভবনের মেরামত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় হতে বাস্তবতার আলোকে গুরুত্বপূর্ন কাজগুলো করার বিষয়ে আলোচনা করেন।<br>সিদ্ধান্ত: অসম্পূর্ন কাজের পরিবর্তে সভায় যথাক্রমে উল্লেখিত কাজগুলো আরএফকিউর মাধ্যমে এবং রিংস্লাব বিতরণ কাজগুলো পিআইসি কমিটিরি মাধ্যমে জুন/২২ এর মধ্যে দ্রুত বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা বাসাবাড়ি ও প্রশাসনিক ভবনের মেরামত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় হতে বাস্তবতার আলোকে একই প্যাকেজের গুরুত্বপূর্ন কাজগুলো করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | |
| | প্রাণিসম্পদ বিভাগ: প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে তাদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে এবং এফএমডি, বাদলা, তরকা সহ বিভিন্ন রোগের ভ্যাকসিন প্রোগাম চলমান রয়েছে।<br>সিদ্ধান্ত: এফ এমডি, বাদলা, বিভিন্ন তরকা রোগের ভ্যাকসিন আরো গতিশীল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রনিসম্পদ কর্মকর্তা, শাল্লা |
| | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্য্যক্রম ভালোভাবেই চলছে।<br><br>সিদ্ধান্ত: বিভাগের কার্য্যক্রম আরো গতিশীল করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, শাল্লা |
| | উপজেলা শিক্ষা অফিস: উপজেলা সহকারী শিক্ষা অফিসার জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরো জানান যে, আন্ত প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতা ইউনিয়ন পর্যায়ে শেষ হয়েছে। উপজেলা পর্যায়ে শুরু হবে জুনের প্রথম সপ্তাহে। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুলন্নেছা গোল্ডকাপ প্রা: বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট জুন মাসে ইউনিয়ন পর্যায়ে শুরু হবে। এ ব্যাপারে সভায় সকলের সহযোগীতা কামানা করেন। তিনি আরো জানান যে পূর্বে ১৩টি বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামত বাবদ ২ লক্ষ করে মোট ২৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে পরবর্তীতে বর্তমানে আরো ১৭টি বিদ্যালয়ে ২ লক্ষ করে মোট ৩৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে।<br><br>সিদ্ধান্ত: ৩০টি বিদ্যালয়ের ক্ষুদ্র মেরামতের কাজ আগামী জুন মাসের মধ্যে সম্পন্ন করার জন্য সভায় সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, শাল্লা |
| | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস: একাডেমিক সুপার ভাইজার জানান যে, তাদের বিভাগীয় কার্য্যক্রম ভালভাবে চলছে। তিনি আরো জানান যে, আপাতত কোন সমস্যা নাই।<br><br>সিদ্ধান্ত: মাধ্যমিক বিভাগের কার্য্যক্রম আরো গতিশীল করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা একাডেমিক সুপারভাইজার |
| | উপজেলা মহিলা বিষয়ক অফিস: অনুপস্থিত। | উপজেলা মহিলা বিষয়ক অফিস, শাল্লা |

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত: সাধারণসভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।** | |
| | **উপজেলা মৎস্য অফিস: উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ২০২১-২২ অর্থবছরে** ০৫টি বিল নার্সারী স্থাপন করা হয়। বিল নার্সারীগুলো হচ্ছে যথাক্রমে ১) ভান্ডাবিল ২) ভান্ডাখাল ৩) বড়খাল ৪) আনন্দপুর গ্রামের ছায়ার হাওড়ের অংশ ৫) পেকুয়ার বিল। উক্ত বিল নার্সারীর প্রত্যেকটিতে মার্চ/২২ মাসে ০১ কেজি করে রেনু পোনা ছাড়া হয়, রেনু পোনাগুলো ০১ মাস পরে এপ্রিল/২২ মাসে নমুনায়ন করা হয়। পোনা উৎপাদন সন্তোষজনক। মে/২২ মাসে প্রাকৃতিকভাবে আকস্মিকভাবে বন্যার সময় মাছ অবমুক্ত করা হয়েছে।<br><br>সিদ্ধান্ত: রেনু পোনা জাতে মৎস্যজীবিগণ করেন্ট জাল দিয়ে না ধরতে পারে সেজন্য উপজেলা মৎস অফিসারকে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য অফিসার, শাল্লা |
| | উপজেলা সমাজসেবা বিভাগ: উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের ৪র্থ কিস্তির সকল ভাতাভোগীদরে অর্থ তাদের বিকাশ একাউন্টে জিটুপি তে প্রেরণ করা হয়েছে। ভাতাভোগীগন তাদের প্রাপ্য অর্থ নিয়মিত ও যথাসময়ে বিভাজন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা সমাজ কল্যান কমিটির মাধ্যমে ৬৮ জন রোগীকে নগদ আর্থিক সহায়তা প্রদান করা হয়। ২৫ জন রোগীকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়।<br><br>সিদ্ধান্ত: উপজেলা সমাজকল্যান কমিটির মাধ্যমে দু:স্থ ও অসহায় রোগীদের নগদ সহায়তা প্রদান এবং গুরুত্বপুর্ন রোগী নির্বাচনের নির্দেশনা প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা, অফিসার, শাল্লা |
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টিআর, কাবিখা,কাবিটা এবং ইজিপিপির কার্যক্রম চলমান রয়েছে। ইজিপিপি প্রকল্পের কাজ পরিদর্শনপুর্বক বিদ্যালয়ে ক্ষুদ্র মেরামত প্রদান করা হবে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>সিদ্ধান্ত: প্রকল্পগুলোর বিল পরিদর্শনপূর্বক প্রদান ও বর্জ্যনিরোধক দন্ড উপজেলা পরিষদের চার তলার উপরে স্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, শাল্লা |
| | উপজেলা খাদ্য বিভাগ: উপজেলা খাদ্য পরিদর্শক জানান যে, চলমান বোরো ধান ও চাল সংগ্রহ কার্য্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান যে, শাল্লা উপজেলায় বোরো ধান সংগ্রহের লক্ষমাত্রা ৩০৪০.০০০ মে:টন এবং আতপ চাল সংগ্রহের লক্ষমাত্রা ১৫৭.০০০ মে:টন।<br><br>সিদ্ধান্ত: ধান সংগ্রহ কার্য্যক্রম তরান্বিত করার জন্য খাদ্য বিভাগ, কৃষি বিভাগ ও নির্বাচিত জনপ্রতিনিধিগেণকে সার্বিক সহযোগীতা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য অফিসার, শাল্লা |
| | উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় অফিসার জানান যে, শাল্লা উপজেলায় ৬৫টি নিবন্ধিত সমবায় সমিতি ছিল। ২১-২২ অর্থবছরে ১১টি সমবায় সমিতি নিবন্ধিত হয়। অডিট বরাদ্দ ছিল ৬৫টি সমিতি। অডিট সম্পন্ন ও অডিট রিপোর্ট দাখিলের হার ১০০% সরকারী রাজস্ব ননটেক্স রেভিনিউ ধার্য্য ছিল ৪০২৩৮/- । আদায়ের হার ১০০%।<br><br>সিদ্ধান্ত : সমবায় বিভাগের কার্য্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার,শাল্লা |
| | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: সহকারী প্রকৌশলী সভায় জানান যে,তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। তিনি আরো জানান যে, আগাম বন্যার জন্য পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট প্রচুর পরিমানে মজুদ আছে। উপজেলায় বন্যায় কোন নলকূপ নষ্ট বা ক্ষতিগ্রস্থ হলে সাথে সাথে সকল ইউপি চেয়ারম্যানগণ অত্র দপ্তরকে অবহিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উৎপাদক নলকূপের কাজ শুরু হওয়ায় তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জানান।<br><br>সিদ্ধান্ত: উৎপাদক নলকূপ ও অন্যান্য কাজের গুনগত মান সঠিকভাবে করার জন্য | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |

| | | |
|---|---|---|
| | সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | পল্লী সঞ্চয় ব্যাংক: পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, বাংলাদেশ সরকারের এজেন্ডা বাস্তবায়নের জন্য পিছিয়ে পড়া মানুষকে অর্থনৈতিক ভাবে সাবলম্বী করার জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের মাধ্যম সমিতির সদস্যদের মধ্যে স্বল্প সুদে ঋণ বিতরণ করা হয়।<br><br>সিদ্ধান্ত: ঋণ আদায়ের হার বাড়ানো এবং মোট ঋণ খেলাপির হার কমিয়ে আনার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পল্লী সঞ্চয় ব্যাংক |
| | পল্লী উন্নয়ন বিভাগ: পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,তাদের বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। সমিতি গঠন, সঞ্চয়, আদায়, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। জোড়াবাড়ি মেরামত বাবদ প্রাক্কলন উপজেলা প্রকৌশলীর নিকট হতে প্রাপ্ত হয়েছে। সেই মোতাবেক জোড়াবাড়ির মেরামত কাজ শ্রীঘ্রই শুরু করা হবে।<br><br>সিদ্ধান্ত: উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক জোড়াবাড়ির মেরামত কাজ করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার শাল্লাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পল্লী উন্নয়ন বিভাগ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

চৌধুরী আব্দুল্লাহ আল-মাহমুদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ

স্মারক নং: ০৫.৪৬.৯০১১.০০০.৩৩.০০৪.২১-

তারিখ: ১৬ জৈষ্ঠ ১৪২৮ বাংলা / ৩০ মে ২০২২ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২. মাননীয় সংসদ সদস্য, ২২৫, সুনামগঞ্জ-০২
৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ
৭. অমিতা রানী দাস, মহিলা ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ
৮. দীপু রঞ্জন দাস, ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ
৯. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শাল্লা, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১০. উপজেলা ---------------------------- অফিসার, শাল্লা, সুনামগঞ্জ
১১. চেয়ারম্যান....................(সকল) ইউনিয়ন পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ
১২. জনাব ---------------------------------- সদস্য

মোঃ আবু তালেব
উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ